

## প্রেস রিলিজ

০৫ জুলাই ২০২৪

বাউবির এসএসসি প্রোগ্রামের শিক্ষার্থীদের বই বিতরণ উৎসব  
শতভাগ নাগরিককে শিক্ষার আওতায় এনে স্মার্ট বাংলাদেশ বিনির্মাণে বাউবি বদ্ধপরিকর।

- বাউবি উপাচার্য


বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের শিক্ষার মাধ্যমে শতভাগ নাগরিককে শিক্ষার আওতায় এনে স্মার্ট বাংলাদেশ বিনির্মাণে বাউবি বদ্ধপরিকর। জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের স্বপ্নের সোনার বাংলা এবং স্মার্ট বাংলাদেশ ও রূপকল্প ২০৪১ বাস্তবায়নে সকলকে জ্ঞান ভিত্তিক সমাজ গঠনে এগিয়ে আসতে হবে। বাউবির ওপেন স্কুল পরিচালিত এসএসসি প্রোগ্রামের ২০২৪ ব্যাচে ভর্তিকৃত শিক্ষার্থীদের ওরিয়েন্টেশন ও বই বিতরণ উৎসব অনুষ্ঠানে ০৫ জুলাই ২০২৪ শুক্রবার সকাল ১০:০০টায় গাজীপুরস্থ কালিয়াকৈর, ভূঙ্গরাজ তালেবাবাদ উচ্চ বিদ্যালয় স্টাডি সেন্টারে প্রধান অতিথির বক্তব্যে বাউবি উপাচার্য অধ্যাপক ড. সৈয়দ হুমায়ুন আখতার এসব কথা বলেন। তিনি বলেন বাউবি নিজ শিক্ষা বিস্তারের মাধ্যমে জ্ঞানভিত্তিক, উদ্ভাবনী এবং অর্ন্তভুক্তিমূলক ডিজিটাল সমাজ গড়ে তোলার প্রত্যয়ে কাজ করে যাচ্ছে। আগামী দিনের উন্নত বাংলাদেশ ও দেশের ভবিষ্যৎ কারিগর গঠনে সন্তানদের সুশিক্ষায় শিক্ষিত করার জন্য অভিভাবকদের প্রতি আহবান জানান। শিক্ষার্থীদের সঠিক ভাবে এবং আন্তরিকতার সাথে পাঠ বুঝিয়ে দেয়ার জন্য টিউটরদের তাগিদ দেন। বাউবির বই মড্যুউলার এবং বিজ্ঞান সম্মত পদ্ধতিতে লেখা যা নিজে নিজে পাঠ করে বুঝা যায়। তিনি শিক্ষার্থীদের কাজের ফাঁকে অন্তত কিছু সময় বের করে নিয়মিত ভাবে পাঠ অনুশীলনের পরামর্শ দেন। বই বিতরণ উৎসব অনুষ্ঠানের শুভ উদ্বোধন করে উপাচার্য বলেন প্রত্যেক শিক্ষার্থীর সেবার মান নিশ্চিত এবং তাদের পাঠসামগ্রী যথাসময়ে পৌঁছে দিতে সংশ্লিষ্টদের নির্দেশ প্রদান করেন।



শিক্ষার্থীর হাতে বই তুলে দিচ্ছেন উপাচার্য অধ্যাপক ড. সৈয়দ হুমায়ুন আখতার

অনুষ্ঠানে ভূঙ্গরাজ তালেবাবাদ উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষক দেলোয়ার হোসেনের সভাপতিত্বে বিশেষ অতিথি হিসেবে উপ-উপাচার্য (প্রশাসন) অধ্যাপক ড. নাসিম বানু ও উপ-উপাচার্য (শিক্ষা) অধ্যাপক ড. মাহবুবা নাসরীন, ওপেন স্কুলের ডিন অধ্যাপক ড. সাবিনা ইয়াসমিন ও স্টুডেন্ট সাপোর্ট সার্ভিসেস বিভাগের পরিচালক ড. আনিস রহমান। শুভেচ্ছা বক্তব্য রাখেন এসএসসি প্রোগ্রামের ভর্তি কমিটির সভাপতি ও ওপেন স্কুলের শিক্ষক ড. মোঃ জাকিরুল ইসলাম। আরো বক্তব্য রাখেন স্থানীয় ইউপি চেয়ারম্যান আজিবুর রহমান এবং শিক্ষার্থী জাহাঙ্গীর আলম ও ববিতা আক্তার।

অনুষ্ঠানে বাউবির তথ্য ও গণসংযোগ বিভাগের ভারপ্রাপ্ত পরিচালক ড. আ.ফ. ম মেজবাহ উদ্দিন, এসএসসি প্রোগ্রামের ভর্তি কমিটির সদস্য অধ্যাপক ড. ইকবাল হুসাইন, ভর্তি কমিটির সদস্য ও ওপেন স্কুলের এসএসসি প্রোগ্রামের সমন্বয়কারী মেহেরীন মুনজারীন রত্না, গাজীপুর উপ-আঞ্চলিক কেন্দ্র প্রধান ড. মোঃ শওকত আলী, প্রশাসন বিভাগের যুগ্ম পরিচালক মো নাসির উদ্দিন, টিউটর, সমন্বয়কারী, অভিভাবক, স্থানীয় ব্যক্তিবর্গসহ কয়েক শত শিক্ষার্থী উপস্থিত ছিলেন। এই ওরিয়েন্টেশন ও বই বিতরণ উৎসব অনুষ্ঠান সকল আঞ্চলিক ও উপ-আঞ্চলিক কেন্দ্রের মাধ্যমে একযোগে দেশব্যাপী বাউবি সকল স্টাডি সেন্টারে অনুষ্ঠিত হয়।



ড. আ.ফ.ম. মেজবাহ উদ্দিন  
পরিচালক (ভারপ্রাপ্ত)